

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
আনসারী ভবন, ১৪/২ তোপখানা রোড ঢাকা
Web: www.ntcc.gov.bd

৩০/৮/১৬
৩০/৮/১৬
৩০/৮/১৬

উনিশ
করিমগঞ্জ।

স্মারক নং-স্বাপকম/এনটিসিসি/আইন ও বিধি বাস্তবায়ন/২০১৫/৪৭৫

বিষয়ঃ সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি।

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ অনুযায়ী ১৯ মার্চ ২০১৬ খ্রি: তারিখ হতে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কোঁটায় সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ বিষয়ে সংযুক্ত গণবিজ্ঞপ্তিটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

৩০/৮/১৬
(মুহাম্মদ কছল কুদ্দুস)
সমন্বয়কারী

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ৯৫৮৫১৩৫

Email: coordinator@ntcc.gov.bd

সংযুক্তি:

- ১। বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত বিধি-বিধান
- ২। গণবিজ্ঞপ্তি

বিতরণ:

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি,জেলা।
- ২। সিভিল সার্জন ও সদস্য সচিব, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি,জেলা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি,
..... উপজেলাজেলা।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি,
..... উপজেলাজেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
করিমগঞ্জ, কিশোরগঞ্জ
karimgonj.kishoreganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.১২.৪৮৪২.০১২.০৫.০১.০০২.১২- ২৬ (৩০)
সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ বিষয়ে সংযুক্ত গণবিজ্ঞপ্তিটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।
সংযুক্ত গণবিজ্ঞপ্তি : ০১(এক) ফর্দ।

- ০১। চেয়ারম্যান-----ইউপি(সকল), করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০২। সভাপতি/সম্পাদক, বাজার বনিক সমিতি, করিমগঞ্জ বাজার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০৩। অফিস কপি।

৩০/৮/১৬
আছমা আরা বেগম
উপজেলা নির্বাহী অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সিগারেট, বিড়ি, জর্দা এবং গুলসহ সকল প্রকার তামাকজাত দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ অনুযায়ী ১৯ মার্চ ২০১৬ খ্রি: তারিখ হতে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার উপরিভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ স্থান জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ করতে হবে। ১৯ মার্চ, ২০১৬ খ্রি: তারিখ থেকে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী ব্যতিত কোন তামাকজাত দ্রব্য বিক্রয় ও বাজারজাত করা যাবে না।

তবে কোন প্রতিষ্ঠান অত্যাবশ্যিক মনে করলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার নিম্নভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ স্থান জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ করতে পারে।

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এ আইনের বিধান লংঘন করলে তিনি অনূর্ধ্ব ছয় মাস বিনাশ্রম কারাদন্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করলে পর্যায়ক্রমিকভাবে উক্ত দন্ডের দ্বিগুণ হারে দন্ডনীয় হবেন।

উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হ'ল।


সম্মানীয়কারী

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ৯৫৮৫১৩৫